# নিউইয়র্ক (New York) সিটি
# অফিস অফ ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেট (NYC OMB)
# কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্রান্ট – ডিজাস্টার রিকভারি
# (COMMUNITY DEVELOPMENT BLOCK GRAN – DISASTER RECOVERY) (CDBG-DR)
# ফান্ড রিলিজের জন্য অনুরোধ করার উদ্দেশ্যে নোটিশ

ফান্ড রিলিজের জন্য অনুরোধ

2026 সালের 7 মে বা তার কাছাকাছি সময়ে, নিউ ইয়র্ক (New York) সিটি (এই সিটি) নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটি (New York City Housing Authority) (NYCHA) এলিভেটর রেজিলিয়েন্সি ইমপ্রুভমেন্টস (গ্রুপ 2) প্রকল্প নামে পরিচিত একটি প্রকল্প বাস্তবায়নের জন্য, 1974 সালের সংশোধিত কমিউনিটি ডেভেলপমেন্ট অ্যাক্ট এবং 2023 সালের কন্টিনিউয়িং অ্যাপ্রোপ্রিয়েশনস অ্যাক্ট (পাবলিক ল 117-180)-এর অধীনে অনুমোদিত কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্রান্ট-ডিজাস্টার রিকভারি (Community Development Block Grant-Disaster Recovery) (CDBG-DR) ফান্ড রিলিজের উদ্দেশ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ হাউসিং এবং আরবান ডেভেলপমেন্টের কাছে একটি আবেদন জমা দেবে। সিটি কর্তৃপক্ষ সাতটি NYCHA ডেভেলপমেন্টে এলিভেটর উন্নত করার জন্য CDBG-DR ফান্ড থেকে প্রায় $234,000 প্রদানের প্রস্তাব করেছে।

প্রকল্পের কার্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে NYCHA-এর এলিভেটর সার্ভিস রিপেয়ার ডিপার্টমেন্ট (ESRD) কর্তৃক এলিভেটরের শ্যাফট সংলগ্ন বিদ্যমান সার্ভিস স্পেসগুলিতে অটো ভোল্টেজ রেগুলেটর (AVR) সরঞ্জাম স্থাপন এবং বিদ্যমান এলিভেটরের শ্যাফটগুলিতে নতুন কনডুইট স্থাপন। ESRD প্রকল্প সাইটগুলিতে AVR সরবরাহ করবে এবং সেগুলিকে মোটর রুমে বা বেসমেন্টে স্থাপন করবে (ডিজাইন কনফিগারেশন অনুযায়ী)। এরপর ERSD অ্যাঙ্কর বোল্ট ব্যবহার করে বিদ্যমান ফ্লোর স্ল্যাবের সাথে AVR ইউনিটগুলোকে নিরাপদভাবে স্থাপন করবে। ইলেকট্রিশিয়ানরা বিদ্যমান এলিভেটরের শ্যাফট ও মেঝের খোলা অংশের মধ্য দিয়ে কনডুইট ও ওয়্যারিং স্থাপন করবে এবং নতুন সরঞ্জামগুলোকে ভবনের বিদ্যমান বৈদ্যুতিক ব্যবস্থার সাথে সংযুক্ত করবে।

প্রস্তাবিত প্রকল্পটির উদ্দেশ্য হলো, বিদ্যুৎ সরবরাহের ভোল্টেজ কমে যাওয়ার সময় যা ব্রাউনআউট নামেও পরিচিত, NYCHA-এর বাসিন্দাদের জন্য সিনিয়র ও বহুতল ভবনগুলোতে এলিভেটর পরিষেবা নিরবচ্ছিন্ন রাখা। ব্রাউনআউটের সময় শক্তি সাশ্রয় করতে এবং গ্রিডের ক্ষতি রোধ করতে ConEd পরিষেবা ভোল্টেজ কমিয়ে দেয়। ভোল্টেজ কমে যাওয়ার কারণে NYCHA-এর এলিভেটর সরঞ্জাম প্রভাবিত হয় এবং এই সময়ে এলিভেটর পরিষেবা দেওয়া সম্ভব হয় না। এর ফলে ভাড়াটেদের জন্য একটি সম্ভাব্য বিপজ্জনক পরিস্থিতি তৈরি হয়, কারণ ব্রাউনআউটের সময় তারা আটকা পড়তে পারেন অথবা তারা অ্যাপার্টমেন্ট থেকে বের হওয়ার এবং ফিরে আসার সুযোগ নাও পেতে পারেন।

প্রস্তাবিত প্রকল্পটি নিম্নোক্ত সাতটি ডেভেলপমেন্টে বাস্তবায়ন করা হবে:

| ডেভেলপমেন্ট | স্ট্রিটের ঠিকানা | Borough |
|---|---|---|
| Baruch Houses Addition | 72 Columbia Street | Manhattan |

| | | |
|---|---|---|
| Harborview Terrace | 530 West 55th Street | Manhattan |
| Lower East Side I Infill | 175 Eldridge Street | Manhattan |
| Mitchel | 190 Lincoln Avenue | Bronx |
| Morrisania Air Rights | 3135 Park Avenue | Bronx |
| Roosevelt I | 997 DeKalb Avenue | Brooklyn |
| Van Dyke II | 430 Dumont Avenue | Brooklyn |

<u>ধারা 58.35-এর অধীনে সুস্পষ্টভাবে বর্জন</u>

HUD-এর অর্থায়নে পরিচালিত কার্যক্রমের জন্য পরিবেশগত পর্যালোচনা পদ্ধতির 24 CFR পার্ট 58.35 অনুসারে, উপরে তালিকাভুক্ত স্থানগুলিতে NYCHA এলিভেটর রেজিলিয়েন্সি ইমপ্রুভমেন্টস প্রকল্পের বাস্তবায়নকে জাতীয় পরিবেশ নীতি আইনের পরিবেশগত মূল্যায়নের আবশ্যকতা থেকে সুস্পষ্টভাবে বাদ দেওয়া হয়েছে। প্রস্তাবিত প্রকল্পটি 24 CFR 58.35(a)(3)(ii) অনুসারে মাল্টিফ্যামিলি রেসিডেন্সিয়াল বিল্ডিংয়ের পুনর্বাসন এবং/অথবা উন্নয়ন জড়িত। প্রজেক্টের অতিরিক্ত তথ্য পরিবেশগত পর্যালোচনার রেকর্ডে (ERR) অন্তর্ভুক্ত রয়েছে। ERR পর্যালোচনা করার জন্য জনসাধারণের কাছে ইলেকট্রনিকভাবে অথবা মার্কিন ডাকযোগে পাঠানো হবে। অনুগ্রহ করে আপনার অনুরোধটি মার্কিন ডাকযোগে জুলিয়েট জ্যাকবস (Juliet Jacobs), ইউনিট প্রধান - পরিবেশগত (CD), নিউ ইয়র্ক (New York) সিটি অফিস অফ ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেট, 255 Greenwich Street, 8th Floor, New York, NY 10007 ঠিকানায় অথবা CDBGComments@omb.nyc.gov-এ ইমেলের মাধ্যমে জমা দিন।

<u>জনসাধারণের মন্তব্য</u>

যে কোনও ব্যক্তি, গ্রুপ বা সংস্থা উপরের ঠিকানা ও ইমেইলে NYC OMB-এর কাছে ERR-এর বিষয়ে লিখিত মন্তব্য জমা দিতে পারবেন। 2026 সালের 6 মে-এর মধ্যে প্রাপ্ত সকল মন্তব্য ফান্ড রিলিজ করার অনুরোধ জমা দেওয়ার অনুমোদন দেওয়ার পূর্বে NYC OMB কর্তৃক বিবেচনা করা হবে। যারা মন্তব্য করতে চান তাদেরকে এই নোটিশের কোন অংশটির জন্য তারা মন্তব্য করতে চান তা উল্লেখ করতে হবে।

<u>পরিবেশগত সার্টিফিকেশন</u>

NYC OMB, HUD-কে প্রত্যয়ন করছে যে, যদি পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়ার সাথে সম্পর্কিত দায়িত্বগুলি কার্যকর করার জন্য কোনও পদক্ষেপ নেওয়া হয় এবং এই দায়িত্বগুলি যদি পূরণ করা হয়ে থাকে তাহলে সিটি এবং জুলিয়েট জ্যাকবস (Juliet Jacobs), সার্টিফাইং অফিসার হিসাবে ফেডারেল আদালতের বিচার-ব্যবস্থা মেনে নিতে সম্মত আছেন। HUD কর্তৃক এই সার্টিফিকেশনের অনুমোদন, NEPA এবং সংশ্লিষ্ট আইন ও কর্তৃপক্ষের অধীনে এর দায়িত্ব পালনে সহায়তা করে এবং এই সিটিকে CDBG-DR প্রোগ্রামের ফান্ড ব্যবহার করার অনুমতি দেয়।

ফান্ড রিলিজ করার ক্ষেত্রে আপত্তি

অনুরোধটি প্রকৃতপক্ষে পাওয়ার পর থেকে পনেরো দিনের মধ্যে HUD তার ফান্ড রিলিজ এবং NYC OMB-এর সার্টিফিকেশনের বিরুদ্ধে আপত্তিগুলো শুধুমাত্র নিম্নলিখিত কারণগুলোর মধ্যে থেকে যেকোনও একটির ওপর ভিত্তি করে বিবেচনা করবে: (a) NYC OMB-এর সার্টিফাইং অফিসার কর্তৃক সার্টিফিকেশনটি কার্যকর করা হয়নি; (b) NYC OMB একটি ধাপ বাদ দিয়েছে অথবা সিদ্ধান্ত নিতে ব্যর্থ হয়েছে বা 24 CFR পার্ট 58-এ HUD প্রবিধান অনুসারে প্রয়োজনীয় অনুসন্ধান করতে ব্যর্থ হয়েছে; (c) অনুদান গ্রহীতা বা প্রজেক্টের অন্যান্য অংশগ্রহণকারীরা HUD কর্তৃক ফান্ড রিলিজের অনুমোদনের আগে 24 CFR পার্ট 58 দ্বারা অনুমোদিত নয় এমন কোনও ফান্ড প্রদান করেছেন বা খরচ করেছেন; অথবা (d) 40 CFR পার্ট 1504 অনুসারে কাজ করা অন্য কোনও ফেডারেল সংস্থা লিখিত অনুসন্ধান জমা দিয়েছে যে প্রজেক্টটি পরিবেশগত মানের দৃষ্টিকোণ থেকে অসন্তোষজনক। আপত্তিগুলি প্রয়োজনীয় পদ্ধতি (24 CFR পার্ট 58, ধারা 58.76) অনুসারে প্রস্তুত এবং জমা দিতে হবে এবং CPDRROFNYC@hud.gov ঠিকানায় পাঠাতে হবে। সম্ভাব্য আপত্তিকারীদের আপত্তি জানানোর শেষ সময়কাল সম্পর্কে সঠিকভাবে জানার জন্য HUD-এর সাথে যোগাযোগ করা উচিত।

নিউইয়র্ক (New York) সিটি

জোহরান মামদানি (Zohran Mamdani), মেয়র
শেরিফ সোলিমান (Sherif Soliman), ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেট পরিচালক

তারিখ: 29 এপ্রিল, 2026